



ডি.ও.নং- ০৮.০১.০০০০.০৬৮.০৯.০০৮.১২ / ২৪৬(২)

তারিখ: ০৭/০৬/২০১৫ খ্রি।

বিষয়: যোগানদার (Procurement Providers) সেবার বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর আদায়/কর্তন নিশ্চিতকরণ।

প্রিয় সম্মতী,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব আদায়ের অন্যতম একটি খাত হলো মূল্য সংযোজন কর। এ খাতের আওতায় আদায়কৃত রাজস্বের একটি বড় অংশ আসে উৎসে মূল্য সংযোজন কর খাত থেকে যা VAT Deduction at Source বা VDS নামে পুপরিচিত। মূল্য সংযোজন কর আইন অনুযায়ী যে কয়টি খাত থেকে উৎসে মূল্য সংযোজন কর আদায় করা হয় তার মধ্যে 'যোগানদার সেবা' অন্যতম। ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে যোগানদার সেবার আওতায় উৎসে মূল্য সংযোজন করের হার ৪% থেকে বৃদ্ধি করে ৫% করার প্রস্তাব করা হয়েছে। যা গত ০৪ জুন, ২০১৫খ্রি তারিখ থেকে কার্যকর করা হয়েছে।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮৫ অনুযায়ী সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, এনজিও, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, শিক্ষা প্রতিষ্ঠান ও বার্ষিক এক কোটি টাকার অধিক টার্ণওভারযুক্ত প্রতিষ্ঠানকে উৎসে মূল্য সংযোজন কর কর্তনের দায়িত্ব প্রদান করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সরকারী বিভিন্ন দণ্ডনয়ন সংস্থা বিভিন্ন উপায়ে তাদের ক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়া, অর্থবছরের শেষ প্রান্তিকে এসে উন্নয়ন কার্যক্রমের গতি বৃদ্ধি পায়। সে কারণে এসময়ে এ খাত থেকে উৎসে মূল্য সংযোজন কর আদায়ের পরিমাণও বৃদ্ধি পায়।

০৩। বর্ণিত পরিস্থিতিতে এবং ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে যোগানদার সেবার আওতায় উৎসে কর্তনের হার ৪% হতে বৃদ্ধি করে ৫% করার প্রেক্ষিতে আপনার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দণ্ডনয়ন সংস্থা কর্তৃক বর্ধিত হারে উৎসে মূল্য সংযোজন কর (VDS) কর্তনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।


০৪। এ ব্যাপারে আপনার উত্তরোত্তর সহযোগিতা কামনা করছি।

প্রতিশ্রূতি,

আন্তরিকভাবে আপনার

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ভবন নম্বর : ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

*মনজুরুল ইসলাম
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২/০৬/২০১৫*



(মোঃমাজিমুর রহমান) তাৰ নং: ০৩ এর দণ্ডনয়ন সংস্থা-সচিব (এন্ডো) মুগ্র-সচিব/ওপসচিব (অফিচিয়েল) মুগ্র-সচিব/ওপসচিব (এফ এফ এ ইড) উপসচিব (ব্যক্তিগত) ন্যায়িকত কর্মসূচী স্থানক নং:..... তারিখ:.....

১২/০৬/২০১৫

*মনজুরুল ইসলাম
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২/০৬/২০১৫*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mohfw.gov.bd

স্মারক নং- ৪৫.১৩৯.০২০.০০.০৮৬.২০১৪-৭১ ০৫/১(২০)

তারিখ: ২৮-০৬-২০১৫খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যোত্তার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট, ঢাকা।
- ২। যুগ্মসচিব (হাসপাতাল-১/৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪/১৫ ইস্পাহানী ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৬। উপসচিব (প্রশাসন-১)/হাসপাতাল-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২/হাসপাতাল-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৮/০৬/১৫
(আবেদী আকতার)
উপসচিব